দৈনিক জনকণ্ঠ

তারিখ 02 DEC 1997
পৃষ্ঠা ১ কলাম ৪

47

# শিক্ষানীতি হবে সবার মতের ভিত্তিতে

মোস্তফা ফিরোজ

প্রধানমন্ত্রী প্রস্তাবিত শিক্ষানীতিকে সর্বজনীন করার নির্দেশ দিয়েছেন। তিনি বলেছেন, শিক্ষানীতি কোন দলের বা সরকারের হতে পারে না। গতকাল সোমবার রাতে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ বৈঠকে শিক্ষা মন্ত্রণালয় জাতীয় শিক্ষানীতির একটি খসড়া পেশ করলে প্রধানমন্ত্রী একথা বলেন। তিনি অবিলম্বে শিক্ষানীতির এ খসড়া বিরোধী দলীয় নেত্রী খালেদা জিয়া, শিক্ষাবিদ, বুদ্ধিজীবী, ছাত্রসংগঠনসহ সচেতন অন্যান্য অংশের কাছে হস্তান্তর করে তাদের মতামত বা সুপারিশ নেয়ার কথা বলেন। এর ভিত্তিতে সর্বজনীন শিক্ষানীতি প্রণীত হবে। খবর সংশ্লিষ্ট সূত্রের।

সূত্র জানায়, প্রস্তাবিত শিক্ষানীতির ওপর মন্ত্রিপরিষদ বৈঠকে বিস্তারিত আলোচনা হয়। জাতীয় অধ্যাপক এম শামসুল

(শেষ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

## শিক্ষানীতি হবে

(প্রথম পাতার পর)

হকের নেতৃত্বে গঠিত একটি কমিটি শিক্ষানীতির একটি খসড়া তৈরি করে। প্রস্তাবিত নীতির কোন কোন সুপারিশের সমালোচনা করা হয়। বিশেষ করে মাধ্যমিক শিক্ষায় মাদ্রাসা বিভাগ প্রবর্তনের বিরোধিতা করেন কয়েকজন মন্ত্রী। তাঁরা এ বিষয়ে আরও চিন্তা-ভাবনা করে শিক্ষানীতি অনুমোদনের পক্ষে মতামত রাখেন। প্রস্তাবিত শিক্ষানীতির ওপর সেমিনার, আলোচনা সভা, সিম্পোজিয়াম ইত্যাদি অনুষ্ঠানের মাধ্যমে সর্বস্তরের মতামত নেয়ার সিদ্ধান্ত হয়।

সূত্র জানায়, মন্ত্রিপরিষদে দিনের আলো সর্বোচ্চ ব্যবহারের ও বিদ্যুত সাশ্রয়ের জন্য ঘড়ির কাঁটা এক ঘণ্টা এগিয়ে আনা সংক্রান্ত জ্বালানি মন্ত্রণালয়ের একটি প্রস্তাব গ্রহণ করেনি। এ বিষয়ে আরও পরীক্ষা-নিরীক্ষার জন্য জ্বালানি সচিবকে নির্দেশ দেয়া হয়।

সূত্র জানায়, আসন্ন রমজান মাসে রোজাদারদের সুবিধার্থে অফিস সময় ৯টা-৩টা করার সুপারিশ করা হয়।

মন্ত্রিপরিষদ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় বিল ১৯৯৭ এবং প্রাইভেট বিশ্ববিদ্যালয় এ্যাক্ট সংক্রান্ত দু'টি খসড়া বিল অনুমোদন করে।